

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
সংস্থাপন শাখা
www.naogaon.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে
অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি	: জনাব খালিদ মেহেদী হাসান, পিএএ, জেলা প্রশাসক, নওগাঁ
সভার স্থান	: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নওগাঁ।
সভার তারিখ	: ২৯ মে ২০২২
সময়	: বেলা ১২.৪৫ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দের তালিকা	: পরিশেষ্ট 'ক' তে দেখানো হলো

সভাপতি সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ ২০২১-২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিভিন্ন কর্মসম্পাদন সূচক সভায় উপস্থাপন করেন। তিনি সূচকে উল্লিখিত নির্ধারিত সময়ে অংশীজনের অংশগ্রহণে নিয়মিত সভা আহবান এবং মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনার, রাজশাহী মহোদয় বরাবর নিয়মিত অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করেন। সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charters) অনুযায়ী এ দপ্তর হতে প্রাপ্ত সেবা সম্পর্কে এবং প্রদত্ত সেবার মান কিভাবে বাড়ানো যায় সে বিষয়ে সুচিন্তিত মতামত তুলে ধরার অনুরোধ করেন।


সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার, আত্রাই, নওগাঁ জানান যে, আত্রাই উপজেলা উপজেলা পর্যায়ে যেকোন ধরনের সরকারি সেবা বা সেবা সম্পর্কিত তথ্য জানার জন্য সেবাগ্রহীতাদের সরাসরি কাঙ্ক্ষিত অফিস বা কার্যালয়ে আসতে হয় এরফলে সময় এবং অর্থ দুটোই অপচয় হয়। উপজেলা নির্বাহী অফিসার কেন্দ্রীয় সরকারের প্রতিনিধি এবং উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম, অন্যান্য সরকারি দপ্তরের সাথে সমন্বয়ের মাধ্যমে জনগণের নিকট সরকারি সেবা পৌঁছে দেওয়ার দায়িত্ব পালন করে থাকেন। তাই সরকারি যেকোনো সেবা গ্রহণের জন্য কোন সেবাপ্রার্থী আত্রাই অনলাইন হেল্পডেস্ক ব্যবহার করার মাধ্যমে তার কাঙ্ক্ষিত সেবা গ্রহণের জন্য আবেদন করতে পারেন। এই ধরনের ডিজিটাল সিস্টেমে প্রয়োজনীয়তা অনুভব করে অনলাইন হেল্পডেস্ক আত্রাই (<https://helpdesk.unoatrai.com/>) স্থাপন করা হয়েছে। এ উদ্যোগের ফলে একজন সেবা গ্রহীতা স্মার্টফোন বা ল্যাপটপ ব্যবহার করে অনলাইনে ঘরে বসে কাঙ্ক্ষিত সেবা গ্রহণ করে আসছেন।

শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে এ জেলার জন্য প্রযোজ্য কর্মসূচী নিয়ে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	কর্মক্ষেত্রে সেবা প্রার্থীদের প্রার্থিত সেবা সহজিকরণ, স্বচ্ছতা, জবাবদিহিতা আনয়ন এবং সেবা প্রদানে দক্ষতা বৃদ্ধি করতে হবে।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নওগাঁ ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নওগাঁ ৩। সহকারী কমিশনার (ভূমি), (সকল), নওগাঁ ৪। সহকারী কমিশনার -----(সকল) শাখা, নওগাঁ কালেক্টরটে, নওগাঁ।

সভাপতি অফিসে আগত সেবা প্রত্যাশীদের স্বাস্থ্যবিধি মানতে উদ্বুদ্ধকরণসহ ভাল ব্যবহার, নিজ নিজ অবস্থান থেকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(খালিদ মেহেদী হাসান, পিএএ)
জেলা প্রশাসক
নওগাঁ

নম্বর ০৫.৪৩.৬৪০০.১১৪.১৩.০০৩.২২- ২৭৭

তারিখঃ ১২/০২/১৪২৯
০২/০৪/২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৩। , নওগাঁ।
- ৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক / রাজস্ব / শিক্ষা ও আইসিটি) / অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নওগাঁ।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), নওগাঁ।
- ৭। রেভিনিউ ডেপুটি কালেক্টর/ নেজারত ডেপুটি কালেক্টর/ ভূমি অধিগ্রহণ কর্মকর্তা/ জেনারেল সার্টিফিকেট অফিসার, নওগাঁ।
- ৮। সহকারী কমিশনার (ভূমি), (সকল), নওগাঁ।
- ৯। সহকারী কমিশনার, শাখা(সকল), জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ।
- ১০। প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নওগাঁ। তাঁকে কার্যবিবরণীটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।


(মুহাম্মাদ ইব্রাহীম)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নওগাঁ।